# বিএমডিএফ এর নৈতিকতা কমিটির ২য় বৈঠক

বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর নৈতিকতা কমিটির ২য় বৈঠক কমিটির সকল সদস্যগণের উপস্থিতিতে গত ৩০/১২/২০১৯ তারিখ, বেলা ৩.৩০ ঘটিকায় কমিটির সভাপতি ব্যবস্থাপনা পরিচালক, বিএমডিএফ এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে কমিটির সভাপতি কমিটির সদস্যগণকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার অনুরোধ জানান।

সভায় নিম্নলিখিত বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

**আলোচ্য বিষয় ০১ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ সংশোধন।**

উপরোক্ত বিষয়ে আলোচনার সূচনা করে কমিটির সদস্য-সচিব কমিটিকে অবহিত করেন যে, অর্থ বছরের শুরুতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ প্রণয়ন করা হয়েছিল। উক্ত কর্ম পরিকল্পনা অনুযায়ী বিএমডিএফ এর শুদ্ধাচার সম্পর্কীত বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়েছে। বাস্তবতার আলোকে কিছু কিছু কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নৈতিকতা কমিটির সভায় এ সম্পর্কিত আলোচনা ও নির্দেশনার আলোকে স্ব-স্ব দপ্তরের নৈতিকতা কমিটিতে বিষয়টি নিয়ে আলোচনা করে কর্মপরিকল্পনা সংশোধন এবং অনুমোদন করতে হবে। সদস্য-সচিব খসড়া সংশোধিত কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর সংশোধিত খসড়া কর্মপরিকল্পনা ২০১৯-২০ চূড়ান্ত করা হয়।

**সিদ্ধান্তঃ বিএমডিএফ এর সংশোধিত জাতীয় শুদ্ধাচার কৌশল খসড়া কর্মপরিকল্পনা, ২০১৯-২০ অনুমোদন করা হলো।**

**আলোচ্য বিষয় ০২ঃ বিএমডিএফ এর শুদ্ধাচার কৌশলের জন্য বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন।**

সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিএমডিএফ এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব বিএমডিএফ এর শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে বর্তমানে দায়িত্ব পালন করছেন। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে গতিশীলতা আনতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নৈতিকতা কমিটির সভায় সকল দপ্তর/সংস্থা সমূহকে দায়িত্বশীল ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে একজন বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোয়ন দিতে নির্দেশনা প্রদান করা হয়। সদস্য-সচিব সভাকে বিএমডিএফ এর কর্মকর্তাদের মধ্য থেকে একজন কর্মকর্তাকে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ জানান। কমিটির সভাপতি বিএমডিএফ এর জনসংযোগ কর্মকর্তা জনাব মো: আহসানুল কবির সোহানের নাম প্রস্তাব করলে অন্যান্য সদস্যগণ তাঁর প্রস্তাবে সমর্থন জানান।

**সিদ্ধান্তঃ বিএমডিএফ এর জনসংযোগ কর্মকর্তা জনাব মো: আহসানুল কবির সোহানকে বিএমডিএফ এর শুদ্ধাচার কৌশলের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনয়ন দেওয়া হল। বিএমডিএফ এর প্রশাসন শাখা এ ব্যাপারে একটি অফিস আদেশ জারি করবে।**

**আলোচ্য বিষয় ০৩ঃ জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে বিএমডিএফ এর "ডেজিগনেটেড অফিসার" নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ।**

উপরোক্ত বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, তথ্য অধিকার আইন, ২০09 অনুযায়ী বিএমডিএফ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জনসংযোগ কর্মকর্তা জনাব মো: আহসানুল কবির সোহান দায়িত্ব পালন করছেন। কিন্তু 'জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭'-এর বিধি ৪ অনুসারে বিএমডিএফ এর "ডেজিগনেটেড অফিসার" নিয়োগ করা হয়নি। জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসারে উক্ত বিধিমালার আওতায় একজন "ডেজিগনেটেড অফিসার" নিয়োগ

করা আবশ্যক। কমিটির সদস্যগণ বিএমডিএফ এর জনসংযোগ কর্মকর্তা জনাব মো: আহসানুল কবির সোহানকে 'জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭'-এর বিধি ৪ অনুসারে বিএমডিএফ এর "ডেজিগনেটেড অফিসার" হিসেব মনোনয়ন দেওয়ার ব্যাপারে সহমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ বিএমডিএফ এর জনসংযোগ কর্মকর্তা জনাব মো: আহসানুল কবির সোহানকে 'জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭'-এর বিধি ৪ অনুসারে বিএমডিএফ এর "ডেজিগনেটেড অফিসার" হিসেবে মনোনয়ন দেওয়া হল। বিএমডিএফ এর প্রশাসন শাখা এ ব্যাপারে একটি অফিস আদেশ জারি করবে এবং অফিস আদেশটি বিএমডিএফ এর ওয়েব সাইটে আপলোড করা হবে।**

**আলোচ্য বিষয় ০৪ঃ দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/কর্মচারীগণের সাথে মতবিনিময় সভা আয়োজন।**

কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিএমডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/কর্মচারীগণের সাথে মতবিনিময় সভা আয়োজন করা আবশ্যক। প্রতিমাসে বিএমডিএফ এর সমন্বয় সভা অনুষ্ঠিত হয় যেখানে বিষয়টি নিয়ে কর্মকর্তা/কর্মচারীগণের সাথে মতবিনিময় করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ বিএমডিএফ এর পরবর্তী মাসিক সমন্বয় সভায় দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/কর্মচারীগণের সাথে মতবিনিময় করা হবে।**

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| 15/02/2020 | 16.02.2020 |
| (আহম্মদ জামান তারিক)<br>আরবান ডেভেলপমেন্ট স্পেশালিস্ট<br>ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি<br>বিএমডিএফ। | সৈয়দ হাসিনুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক,<br>ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি<br>বিএমডিএফল |

# বিএমডিএফ এর নৈতিকতা কমিটির ২য় বৈঠক

তারিখ ঃ ৩০/১২/২০১৯

সময় ঃ বেলা ৩.৩০ ঘটিকা

স্থান ঃ ব্যবস্থাপনা পরিচালক, বিএমডিএফ এর অফিস কক্ষ

| ক্র. নং. | নাম ও পদবী | কমিটিতে পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | **জনাব সৈয়দ হাসিনুর রহমান**<br>ব্যবস্থাপনা পরিচালক | সভাপতি | |
| ০২ | **জনাব মোহাম্মদ এনামুল হক**<br>ফাইন্যান্সিয়াল এনালিস্ট কাম কন্ট্রোলার | সদস্য | ৩০/১২/১৯ |
| ০৩ | **জনাব মোঃ শরীফুর রহমান**<br>এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার | সদস্য | |
| ০৪ | **জনাব আহম্মদ জামান তারিক**<br>আরবান ডেভেলপমেন্ট স্পেশালিস্ট | সদস্য-সচিব | 30/12/2019 |